

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 29-11-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Unity Promo Fest :

পর্যটনমন্ত্রী স্মৃশান্ত চৌধুরী বলেছেন বর্তমান সরকার রাজ্যকে দেশের অন্যতম শ্রেষ্ঠ পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করতে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। গতকাল জম্পুই'র ভাংমুন মাঠে আয়োজিত 'ইউনিটি প্রমোফেস্ট ২০২৫'-এর চতুর্থ অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন তিনি। মন্ত্রী বলেন প্রমোফেস্ট মূলত একটি পর্যটন উদ্যোগ, যার লক্ষ্য ত্রিপুরার পর্যটন শিল্পকে বিকশিত করা। অনুষ্ঠানে বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেন প্রমোফেস্টের প্রধান উদ্দেশ্য হলো রাজ্যের উন্নতিশীল পর্যটনকে দেশ-বিদেশের মানুষের কাছে তুলে ধরা, রাজ্যের মানুষকে স্বনির্ভর ও অর্থনৈতিকভাবে শক্তিশালী করে তোলা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প-বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা, বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, পর্যটন সচিব ইউ.কে. চাকমা প্রমুখ।

Prashar Bharati :

তথ্য ও সম্প্রচার মন্ত্রক জানিয়েছে প্রসার ভারতী ডিডি ফ্রি ডিশ প্ল্যাটফর্মে একটি পাইলট স্কিম চালু করছে, যাতে নতুন আপগ্রেড করা MPEG-4 স্ট্রিমগুলিতে জনপ্রিয় আঞ্চলিক ভাষার চ্যানেলগুলিকে অন্তর্ভুক্ত করা যায়। এই প্রকল্পটি

কন্নড়, তামিল, তেলেগু, মালয়ালম, বাংলা, অসমীয়া এবং ওড়িয়া ভাষার আঞ্চলিক চ্যানেলগুলিকে অগ্রাধিকার দেবে। প্রসার ভারতী জানিয়েছে এই প্রকল্পে আঞ্চলিক সংবাদ চ্যানেলগুলিকে অগ্রাধিকার দেওয়া হবে। এবং আগামী বছরের ৩১শে মার্চ পর্যন্ত বিনামূল্যে স্লট বরাদ্দ করা হবে।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্য পুলিশের মহা নির্দেশক এবং আই জি-দের বৈঠকে যোগ দিতে গতকাল ছত্তিশগড়ের রায়পুরে পৌঁছেছেন। নব রায়পুরের ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ ম্যানেজমেন্টে তিনদিনের এই সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী আজ ও আগামীকাল বিভিন্ন অধিবেশনে সভাপতিত্ব করবেন। উপস্থিত থাকবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশের মহানির্দেশক ও আইজি-রা। এ বছরের সম্মেলনের মূল ভাবনা-বিকশিত ভারতঃ নিরাপত্তার বিভিন্ন দিক।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৮তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও

ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষায় অনুবাদ শোনা যাবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি পুনঃপ্রচার করা হবে।

PM, Bal Vivah :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন স্পষ্ট নীতি, সুস্থায়ী পদক্ষেপ এবং তৃণমূল পর্যায়ের প্রচেষ্টার মাধ্যমে ভারত বাল্যবিবাহ নির্মূলের পথে এগিয়ে চলেছে। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা দেবীর লেখা একটি প্রবন্ধ শেয়ার করে প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে একথা বলেন। অন্নপূর্ণা দেবী তাঁর প্রবন্ধে বাল্যবিবাহ মুক্ত ভারতের আহ্বান জানিয়েছেন।

Ending Of Orange Festival :

দুদিন ব্যাপি রাজ্য ভিত্তিক কমলা উৎসব গতকাল শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি দপ্তরের অধিকর্তা ড. ফনী ভূষণ জমাতিয়া, উদ্যান এবং মৃত্তিকা সংরক্ষণ দপ্তরের অধিকর্তা দীপক কুমার দাস প্রমুখ। রাজ্যের বিভিন্ন এলাকার কমলা চাষীদের নিয়ে আয়োজিত প্রতিযোগিতায় বিজয়ীদের নগদ অর্থ ও মানপত্র পুরস্কার দেওয়া হয়। তাছাড়া অংশ গ্রহণকারী সবাইকে সান্তনা পুরস্কার দেওয়া হয়। মূলত কমলা চাষীদের উৎসাহিত করার জন্যই সরকারের এই উদ্যোগ।

Potato Cultivation ARC :

আগরতলার নাগিছড়া রাজ্যিক উদ্যান ও বাগিচা ফসল গবেষণা কেন্দ্রে এআরসি চাষের জন্য নির্বাচিত কৃষকদের নিয়ে গতকাল এক কর্মশালার আয়োজন করা হয়। এআরসি পদ্ধতিতে আলু চাষ করে কিভাবে কৃষকরা অনেক বেশী লাভবান হতে পারবেন তা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বুঝিয়ে দেন বিশেষজ্ঞ কৃষি বিজ্ঞানীরা। মোট ৪০ জন কৃষক এই কর্মশালায় অংশ নেন। কর্মশালায় আলোচনা করেন গবেষণা কেন্দ্রের প্রধান ডাঃ রাজীব ঘোষ, এআরসি'র ত্রিপুরার নোডাল অফিসার অরিন মজুমদার প্রমুখ।

Detain Drugs :

আগরতলার গাঙ্গাইল রোডে দুই যুবককে তল্লাশি চালিয়ে ১২ লক্ষ টাকার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে পুলিশ। গতকাল পশ্চিম আগরতলা থানায় সাংবাদিক সম্মেলনে এসডিপিও দেবপ্রসাদ রায় জানান, ধৃতদের কাছ থেকে দশ হাজার ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে।

Weather :

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।
